# নন-এমপিও শিক্ষকদের এমপিওভুক্তির দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

বিগত সরকারের এমপিও নীতিমালা ২০২১ বাতিল করে স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান একযোগে এমপিওভুক্তির দাবি জানিয়েছে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী পরিষদ। গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানিয়ে তারা বলেন, আগামী ২০ কর্ম দিবসের মধ্যে এ দাবি পূরণ না হলে প্রধান উপদেষ্টার কার্যালয় অভিমুখে লংমার্চ কর্মসূচি পালন করা হবে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি অধ্যক্ষ মো. দবিরুল ইসলাম। তিনি বলেন, দীর্ঘদিন ধরে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষক-কর্মচারীরা সরকারি বেতন-ভাতা থেকে বঞ্চিত হয়ে মানবেতর জীবন যাপন করছেন। অন্যদিকে একই পাঠক্রমে পাঠদানকারী এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা সরকারি সুবিধা ভোগ করছেন। এই বৈষম্য শিক্ষাক্ষেত্রের অগ্রগতিতে বড় প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। সংগঠনের নেতারা এমপিও নীতিমালা ২০২১ বাতিলের দাবি জানান এবং স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানকে একযোগে এমপিওভুক্ত করার আহ্বান জানান।